



তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ১৩৬

কাল থেকে শুরু হচ্ছে দুই দিনব্যাপী তথ্যমেলা

রাজশাহী; ২ পৌষ (১৭ ডিসেম্বর):

তথ্য অধিকার আইনের যথাযথ বাস্তবায়ন এবং সহজে জনগণের তথ্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে আগামী কাল বুধবার (১৮ ডিসেম্বর) রাজশাহী জেলা প্রশাসন ও সচেতন নাগরিক কমিটি (সনাক) এর আয়োজনে শুরু হতে যাচ্ছে তথ্যমেলা। রাজশাহী কলেজ মাঠে অনুষ্ঠিতব্য এ মেলায় প্রতিদিন বিকাল তিনটা থেকে রাত আটটা পর্যন্ত সকল স্টল দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে। মেলায় সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সেবা সংক্রান্ত তথ্য প্রদান করা হবে।

মেলার প্রথম দিন বিকাল তিনটায় উদ্বোধন এবং 'ঞ্চ-প্রগোদিত তথ্য প্রকাশ এবং তথ্য অধিকার আইন বাস্তবায়নে করণীয়' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মো. আলমগীর রহমান, পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান ও রাজশাহী কলেজের অধ্যক্ষ প্রফেসর মুঃ যব্রহ আলী।

দ্বিতীয় দিন বৃহস্পতিবার তথ্য ভিত্তিক উন্মুক্ত কুইজ প্রতিযোগিতা এবং বিভিন্ন সেবাদাতা প্রতিষ্ঠানের সেবা সম্পর্কিত তথ্য উপস্থাপন ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। এদিন সনাক সভাপতি প্রফেসর ড. সিদ্ধার্থ শঙ্কর তালুকদার এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার এবং বিশেষ অতিথি থাকবেন রাজশাহী পুলিশ সুপার ফারজানা ইসলাম।

উভয় দিন সক্ষ্যায় দুর্নীতিবিরোধী ও দেশাত্মোধক সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে।

.....
তোহিদ/আতিক/আরিফ/আলীম/রফিল/হালিম/২০২৪/১৫:০০ ঘ.